

বার্ড প্রদর্শনী দুগ্ধ ও পোল্ট্রি খামার প্রকল্প (BARD Dairy and Poultry Demonstration Farm)

আধুনিক পদ্ধতিতে গাভী পালনের মাধ্যমে গ্রামীণ জনগণের আয় বর্ধন ও দারিদ্র্য হ্রাসকরণের লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি একটি প্রদর্শনী দুগ্ধ খামার গড়ে তোলে। শুরুতে Koica Bangladesh ও বার্ড এর যৌথ অর্থায়নে খামারটি গড়ে তোলা হয়। সিরাজগঞ্জ জেলার শাহাজাদপুর উপজেলার বিভিন্ন গ্রাম হতে ফ্রিজিয়ান শংকর জাতের দুগ্ধবতী গাভী ও বাছুর সংগ্রহ করে তা বার্ডের খামারে নিয়ে আসা হয়। মে 2015 সালে খামারটি বার্ড প্রদর্শনী দুগ্ধ খামার হিসেবে তার কার্যক্রম শুরু করে। 2018 সাল হতে খামারে একটি পোল্ট্রি ইউনিট স্থাপন করা হয়। খামারটির শুরুর পর থেকে গ্রামীণ দুগ্ধ খামারীদের সংগঠিত করে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গাভী ও হাঁস/মুরগি পালনের উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। বার্ডে চলমান “সমন্বিত কৃষি খামারকরণের মাধ্যমে কুমিল্লার লালমাই-ময়নামতি পাহাড়ী এলাকার গ্রামীণ জনগণের জীবনমানের উন্নতি সাধন” শীর্ষক প্রকল্পের সুবিধাভোগী এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের সুবিধাভোগীগণ এ খামার পরিদর্শনের মাধ্যমে গাভী পালন ও পোল্ট্রি উৎপাদন বিষয়ে হাতে কলমে শিক্ষা লাভ করছেন। তাছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান হতে আগত প্রশিক্ষার্থী ও পরিদর্শনকারীগণ খামারটি পরিদর্শন করে লাভবান হচ্ছেন। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রযুক্তিনির্ভর যে বিষয়গুলো তুলে ধরা হয় তা হলো: খামারের জীবনিরাপত্তা ব্যবস্থাপনা, সাইলেজ তৈরি, ইউ.এম.এস তৈরি, মেশিনে দুধ দোহন, উন্নত ঘাস উৎপাদন, গরুর শারীরিক পরীক্ষা, গরু নিয়ন্ত্রণ, বায়োগ্যাস প্লান্ট ব্যবস্থাপনা, মুরগির টিকা প্রদান, ঠোট কর্তন ইত্যাদি।

খামারের : ১. গাভী পালনের বিজ্ঞানসম্মত নতুন নতুন প্রযুক্তি গ্রহণ ও প্রদর্শন;
উদ্দেশ্য : ২. প্রাণিসম্পদ বিষয়ে বার্ডের প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণ।

প্রকল্প : বার্ড ক্যাম্পাস
এলাকা

ছবিতে বার্ড প্রদর্শনী দুগ্ধ ও পোল্ট্রি খামার প্রকল্প কার্যক্রম:



বার্ড প্রদর্শনী দুগ্ধ খামার উদ্বোধনের দিন Koica Bangladesh এর প্রতিনিধি ও বার্ডের কর্মকর্তাবৃন্দ



জনাব মোঃ আব্দুল মজিদ, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, জনাব আবুল হাসনাত মোঃ জিয়াউল হক অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) এবং বার্ডের মহাপরিচালক ড. এম.



গাভী পালন ও প্রাণি স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী ও বার্ডের অনুযদবৃন্দ।



প্রশিক্ষণার্থীদের হাতে কলমে ইউরিয়া মোলাসেস স্ট্র তৈরি বিষয়ক প্রশিক্ষণ দেয়া হচ্ছে।




বায়োগ্যাস প্লান্ট পরিদর্শনকালে প্রশিক্ষণার্থীগণ



প্রশিক্ষণার্থীদের হাতে কলমে সাইলেজ তৈরি বিষয়ক প্রশিক্ষণ দেয়া হচ্ছে।



খামারে নতুন
গাভীর ঘর
উদ্বোধনকালে
বাডের
মহাপরিচালক
জনা ব মউদুদউর
রশীদ সফদার,
অনুষদ সদস্যবৃন্দ
ও অন্যান্য



মেশিনে গাভীর দুধ দোহন



বাংলাদেশ ব্যাংক ও মিল্ক ভিটা এর উদ্যোগে বার্ড পরিদর্শনকালে
ডা. বিমল চন্দ্র কমকার খামারের কার্যক্রম ব্রিফ করছেন।



শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের বার্ড প্রদর্শনী দুগ্ধ
খামার পরিদর্শন



বার্ড প্রদর্শনী পোল্ট্রি খামার



চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের প্রফেসর
এর বার্ড প্রদর্শনী পোল্ট্রি খামার পরিদর্শন